গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪৩.২৭.১৪৮.১৯.১১৮ | তারিখ: ০৫ এপ্রিল ২০২১ খ্রি./২২ চৈত্র ১৪২৭ ব.।

বিষয় : করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা আরোপ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ তারিখ : ০৪/০৪/২০২১ খ্রি.।

কারোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ২৯ মার্চ ২০২১ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১.১২৪ নম্বর স্মারকে ১৮ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত স্মারকের অনুবৃত্তিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ এপ্রিল ২০২১ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ নং স্মারকমূলে প্রতিপালনের জন্য ১১ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। এমতাবস্থায়, সূত্রস্থ স্মারকের নির্দেশনাসমূহ প্রতিপালনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ পাতা।

০৫/০৪/২০২১
(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোন : ৯৫৪৬৫৬১

নং-৩৪.০০.০০০০.০৪৩.২৭.১৪৮.১৯.১১৮ | তারিখ: ০৫ এপ্রিল ২০২১ খ্রি./২২ চৈত্র ১৪২৭ ব.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৩. মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল বা/এ, ঢাকা।
৪. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৫. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৬. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
৭. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), সাভার, ঢাকা।

তাঁর আওতাধীন দপ্তরসমূহকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১১. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪. সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।
১৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

০৫/০৪/২০২১
(সেলিনা আক্তার)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১

তারিখ: ২১ চৈত্র ১৪২৭
০৪ এপ্রিল ২০২১

বিষয়: করোনাভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সার্বিক কার্যাবলি/চলাচলে নিষেধাজ্ঞা আরোপ

করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বিদ্যমান পরিস্থিতি পর্যালোচনায় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গত ২৯ মার্চ ২০২১ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২০২১.১২৪ নম্বর স্মারকে ১৮ দফা নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত স্মারকের অনুবৃত্তিক্রমে আগামী ০৫ এপ্রিল ২০২১ ভোর ৬.০০টা থেকে ১১ এপ্রিল ২০২১ রাত ১২.০০টা পর্যন্ত মেয়াদে প্রতিপালনের জন্য নিম্নোল্লিখিত নির্দেশনা প্রদান করা হলো:

২। (ক) সকল প্রকার গণপরিবহন (সড়ক, নৌ, রেল ও অভ্যন্তরীণ ফ্লাইট) বন্ধ থাকবে। তবে, পণ্য পরিবহন, উৎপাদন ব্যবস্থা, জরুরি সেবাদানের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য হবে না। এছাড়া, বিদেশগামী/বিদেশ প্রত্যাগত ব্যক্তিদের ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা কার্যকর হবে না;

(খ) আইনশৃঙ্খলা এবং জরুরি পরিষেবা, যেমন-ত্রাণ বিতরণ, স্বাস্থ্য সেবা, বিদ্যুৎ, পানি, গ্যাস/জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের (স্থলবন্দর, নদীবন্দর ও সমুদ্রবন্দর) কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবাসহ অন্যান্য জরুরি ও অত্যাবশ্যকীয় পণ্য ও সেবার সঙ্গে সংশ্লিষ্ট অফিসসমূহ, তাদের কর্মচারী ও যানবাহন এ নিষেধাজ্ঞার আওতা বহির্ভূত থাকবে;

(গ) সকল সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত অফিস ও আদালত এবং বেসরকারি অফিস কেবল জরুরি কাজ সম্পাদনের জন্য সীমিত পরিসরে প্রয়োজনীয় জনবলকে স্ব স্ব প্রতিষ্ঠানের নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় অফিসে আনা-নেওয়া করতে পারবে। শিল্প-কারখানা ও নির্মাণ কার্যাদি চালু থাকবে। শিল্প-কারখানার শ্রমিকদের স্ব স্ব প্রতিষ্ঠান কর্তৃক নিজস্ব পরিবহন ব্যবস্থাপনায় আনা-নেওয়া করতে হবে। বিজিএমইএ ও বিকেএমইএ কর্তৃক শিল্প-কারখানা এলাকায় নিকটবর্তী সুবিধাজনক স্থানে তাদের শ্রমিকদের জন্য ফিল্ড হাসপাতাল/চিকিৎসার ব্যবস্থা করতে হবে;

(ঘ) সন্ধ্যা ৬.০০টা থেকে ভোর ৬:০০টা পর্যন্ত অতি জরুরি প্রয়োজন ব্যতীত (ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, চিকিৎসা সেবা, মৃতদেহ দাফন/সৎকার ইত্যাদি) কোনোভাবেই বাড়ির বাইরে বের হওয়া যাবে না;

(ঙ) খাবারের দোকান ও হোটেল-রেস্তোরাঁয় কেবল খাদ্য বিক্রয়/সরবরাহ (Takeaway/Online) করা যাবে। কোনো অবস্থাতেই হোটেল-রেস্তোরাঁয় বসে খাবার গ্রহণ করা যাবে না;

(চ) শপিংমলসহ অন্যান্য দোকানসমূহ বন্ধ থাকবে। তবে দোকানসমূহ পাইকারি ও খুচরা পণ্য Online-এর মাধ্যমে ক্রয়-বিক্রয় করতে পারবে। সেক্ষেত্রে অবশ্যই সর্বাবস্থায় কর্মচারীদের মধ্যে আবশ্যিক স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং কোনো ক্রেতা স্বশরীরে যেতে পারবে না;

(ছ) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সকাল ৮.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি মেনে ক্রয়-বিক্রয় করা যাবে। বাজার কর্তৃপক্ষ/স্থানীয় প্রশাসন বিষয়টি নিশ্চিত করবে;

(জ) ব্যাংকিং ব্যবস্থা সীমিত পরিসরে চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;

(ঝ) সশস্ত্র বাহিনী বিভাগ ঢাকায় সুবিধাজনক স্থানে ফিল্ড হাসপাতাল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(ঞ) সারাদেশে জেলা ও মাঠ প্রশাসন উল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে এবং আইনশৃঙ্খলা বাহিনী নিয়মিত টহল জোরদার করবে; এবং

(ট) এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪।০৪।২০২১
(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৫১১০৭
ই-মেইল: faco_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১

তারিখ: ২১ চৈত্র ১৪২৭ / ০৪ এপ্রিল ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২। বিভাগীয় কমিশনার (সকল)
৩। জেলা প্রশাসক (সকল)